# বাঙালি চিত্রশিল্পী


বাংলাদেশের বিশ্ববরণ্য চিত্রশিল্পীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- জয়নুল আবেদিন, এস.এম. সুলতান, কামরুল হাসান, হাশেম খান, শাহাবুদ্দিন আহমেদ, শফিউদ্দিন আহমেদ প্রমুখ, মুর্তজা বশীর, শিশির ভট্টাচার্য, রশীদ চৌধুরী, নিতুন কুণ্ডু, রণবী, মুস্তফা মনোয়ার প্রমুখ।


## জয়নুল আবেদিন (১৯১৪ - ১৯৭৬ খ্রি:)

শিল্পাচার্য জয়নুল আবেদিন (Zainul Abedin) বাংলাদেশের বিখ্যাত চিত্রশিল্পী। তিনি ১৯৪৩ খ্রিস্টাব্দে বাংলার ভয়াবহ দুর্ভিক্ষ (পঞ্চাশের মন্বন্তর)-এর ছবি একে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে রয়েছে 'সংগ্রাম', 'মনপুরা-৭০', 'ম্যাডোনা-৪৩', 'বিদ্রোহী গরু', 'সাঁওতাল রমনী', 'গায়ের বধু', 'নবান্ন' প্রভৃতি। তিনি লোকশিল্প জাদুঘর (সোনারগাঁ) এবং ঢাকা আর্ট ইনস্টিটিউট (বর্তমান চারুকলা ইনস্টিটিউট) এর প্রতিষ্ঠাতা।

**জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম**


দুর্ভিক্ষ (Famine)


মইটানা (Harrowing)


বিদ্রোহী গরু (Rebel Cow)


সাওতাল রমণী (Santhal Women)


সংগ্রাম (The Struggle)

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza
Edited by : Ajgar Ali
Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com




## কামরুল হাসান




চিত্রশিল্পী কামরুল হাসান (Quamrul Hassan) নিজেকে পটুয়া বলতেন। স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে জেনারেল ইয়াহিয়ার মুখের ছবি দিয়ে আঁকা পোস্টারটি (এই জানোয়ারদের হত্যা করতে হবে) খুব বিখ্যাত। কামরুল হাসান ১৯৭২ সালে তৎকালীন সরকারের অনুরোধে শিবনারায়ণ দাশ কর্তৃক ডিজাইনকৃত পতাকার বর্তমান রূপ দেন। তিনি ১৯৮৮ সালে স্বৈরশাসক এরশাদকে ব্যঙ্গ করে 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' পোস্টারটি স্কেচ আঁকেন। তাঁর বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা', 'রায়বেঁশে নৃত্য' এবং 'নাইওর'।


## এস. এম সুলতান

শেখ মোহাম্মদ সুলতান (S.M Sultan) বিখ্যাত চিত্রকর্ম 'হত্যাযজ্ঞ', 'প্রথম বৃক্ষরোপণ' এবং 'চরদখল'। শেষ বয়সে নড়াইলের নিজবাড়ীতে তিনি শিশুদের জন্য 'শিশুস্বর্গ' ও 'চারুপীঠ' নামে দুটি চিত্র অঙ্কন প্রতিষ্ঠান গড়ে তোলেন।



চর দখল

## নিতুন কুণ্ডু



সার্ক ফোয়ারা

নিতুন কুণ্ডু (Nitun Kundu) বাংলাদেশের একজন বিখ্যাত চিত্রশিল্পী। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'সাবাস বাংলাদেশ', ঢাকার কাউরানবাজারের 'সার্ক ফোয়ারা', ঢাকার হাইকোর্ট সংলগ্ন 'কদম ফোয়ারা' তাঁর উল্লেখযোগ্য ভাস্কর্য ও শিল্পকর্ম। তাঁর প্রণীত পোস্টারগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল 'সদা জাগ্রত বাংলার মুক্তিবাহিনী ও বাংলার বীর মুক্তিযোদ্ধা'।

## রনবী

রফিকুন্নবী উপনাম রনবী (Ranabi) বাংলাদেশের খ্যাতনামা ব্যঙ্গচিত্রশিল্পী ও কার্টুনিস্ট। 'টোকাই' নামক কার্টুন চরিত্রটি তার অনবদ্য সৃষ্টি।



টোকাই

## মুস্তফা মনোয়ার

মুস্তফা মনোয়ারের (Mustofa Monowar) বাংলাদেশের একজন গুণী চিত্রশিল্পী। দ্বিতীয় সাফ গেমসের প্রতীক 'মিশুক' নির্মাণ এবং ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারের পিছনে লাল রঙের সূর্যের প্রতিরূপ স্থাপনায় তাঁর সৃজনশীল প্রতিভার পরিচয় মেলে। শিক্ষামূলক কার্টুন 'মীনা' তাঁর অমর সৃষ্টি। মীনা দক্ষিণ এশিয়ার বিভিন্ন ভাষায় নির্মিত একটি জনপ্রিয় টিভি কার্টুন ধারাবাহিক এবং কমিক বই। মীনার জনপ্রিয়তা এবং গ্রহণযোগ্যতার জন্য সার্কের পক্ষ থেকে ২৪ সেপ্টেম্বর 'মীনা দিবস' ঘোষণা করা হয়। সামাজিক সচেতনতা বাড়ানোর লক্ষ্যে ইউনিসেফের সহযোগিতায় 'মীনা' কার্টুন তৈরি করা হয়।




Download More PDF @
www.BDNiyog.com



Scanned by CamScanner

## হামিদুজ্জামান খান

বহুমাত্রিক শিল্পী হামিদুজ্জামান খান জলরঙ এবং তৈলচিত্রের পাশাপাশি ভাস্কর্য শিল্পে অসামান্য দক্ষতার স্বাক্ষর রেখেছেন। ১৯৮১ সালে বঙ্গভবনে 'পাখি পরিবার', ১৯৮৮ সালে সিউল অলিম্পিকে 'স্টেপস', ১৯৯০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে 'সংশপ্তক' এবং ২০০৩ সালে দক্ষিণ কোরিয়ার জাতীয় ভাস্কর্য উদ্যানে তাঁর ভাস্কর্য স্থান পায়।

## MCQ Solution

১. **২০১৪ কোন শিল্পীর শততম জন্মবার্ষিকী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]
ⓚ সফিউদ্দিন আহমেদ ⓚ এস এম সুলতান
ⓖ কামরুল হাসান ⓖ জয়নুল আবেদিন **উত্তর: ঘ**

২. **শিল্পাচার্য বলতে কাকে বুঝায়?** [সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার : ০০]
ⓚ জয়নুল আবেদিন ⓚ কামরুল হাসান
ⓖ হাশেম খান ⓖ আমিনুল ইসলাম **উত্তর: ক**

৩. **'ম্যাডোনা-৪৩' কি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৪-০৫]
ⓚ প্রখ্যাত মডেল ⓚ একটি বিখ্যাত ভাস্কর্য
ⓖ অস্কার জয়ী ফিল্ম ⓖ একটি চিত্রকর্ম **উত্তর: ঘ**

৪. **'ম্যাডোনা ১৯৪৩' হলো-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ⓚ কামরুল হাসানের চিত্রকর্ম ⓚ রশীদ চৌধুরীর টেরাকোটা
ⓖ জয়নুল আবেদিন চিত্রকর্ম ⓖ জহির রায়হানের চলচ্চিত্র **উত্তর: গ**

৫. **বাংলার ১৯৪৩ সালের দুর্ভিক্ষের উপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী?** [২০তম বিসিএস / উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ⓚ শিল্পাচার্য জয়নুল আবেদিন ⓚ শিল্পী কামরুল হাসান
ⓖ শিল্পী এস এম সুলতান ⓖ শিল্পী শাহাবুদ্দিন **উত্তর: ক**

৬. **দুর্ভিক্ষের উপর আঁকা বিখ্যাত 'ম্যাডোনা-১৯৪৩' ছবিটির চিত্রশিল্পী কে ছিলেন?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪ / বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২ / টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]
ⓚ রফিকুন্নবী ⓚ কামরুল হাসান
ⓖ জয়নুল আবেদিন ⓖ হাশেম খান **উত্তর: গ**

৭. **The series of sketches known as 'Famine Sketches' was drawn by - / 'দুর্ভিক্ষের চিত্রমালা' এঁকেছিলেন কোন শিল্পী?** [Bangladesh Bank Assistant Director : 14]
ⓐ S. M. Sultan ⓑ kamrul Hassan
ⓒ Qaiyum Chowdhury ⓓ Zainul Abedin **Ans: d**

৮. **শিল্পাচার্য জয়নুল আবেদিন 'দুর্ভিক্ষের চিত্রমালা' এঁকেছিলেন কোন মন্বন্তরকে অবলম্বন করে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ ছিয়াত্তরের মন্বন্তর ⓚ তেতাল্লিশের মন্বন্তর
ⓖ চুয়াত্তরের মন্বন্তর ⓖ সত্তরের মন্বন্তর **উত্তর: খ**

৯. **শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬]
ⓚ সংগ্রাম ⓚ নবান্ন
ⓖ ম্যাডোনা-৪৩ ⓖ বর্ণিত সবকয়টি **উত্তর: ঘ**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১০. কোনটি শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪]
ⓚ দুঃসহ জীবন ⓛ সংগ্রাম
ⓖ নবান্ন ⓘ গায়ের বধূ উত্তর: ক

১১. 'মনপুরা-৭০' কি? [২৬তম বিসিএস/ অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ⓚ একটি উপজেলা ⓛ একটি নদী বন্দর
ⓖ একটি উপন্যাস ⓘ একটি চিত্র শিল্প উত্তর: ঘ

১২. 'সংগ্রাম' চিত্রকর্মের শিল্পী- [কম্পট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ⓚ এসএম সুলতান ⓛ জয়নুল আবেদিন
ⓖ কামরুল হাসান ⓘ যামিনী রায় উত্তর: খ

১৩. ঢাকার চারুকলা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ⓚ সফিউদ্দিন আহমেদ ⓛ জয়নুল আবেদিন
ⓖ কাইয়ুম চৌধুরী ⓘ কামরুল হাসান উত্তর: খ

১৪. বাংলাদেশে কোন চিত্রশিল্পী নিজেকে 'পটুয়া' বলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ⓚ জয়নুল আবেদিন ⓛ কামরুল হাসান
ⓖ সফিউদ্দিন আহমেদ ⓘ আবদুল বাসেত উত্তর: খ

১৫. 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' - এ পোস্টারের রূপকার কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]
ⓚ এস এস সুলতান ⓛ জয়নুল আবেদিন
ⓖ কামরুল হাসান ⓘ শাহাবুদ্দিন উত্তর : গ

১৬. বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা' - এর চিত্রকর কে? [৩৫তম বিসিএস]
ⓚ জয়নুল আবেদিন ⓛ এস এম সুলতান
ⓖ কামরুল হাসান ⓘ রফিকুন্নবী উত্তর : গ

১৭. 'রায়বেঁশে নৃত্য' শিল্পকর্মটি কার? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ রশিদ চৌধুরী ⓛ কামরুল হাসান
ⓖ রফিকুন নবী ⓘ জয়নুল আবেদিন উত্তর: খ

১৮. One of the following is an artist :/ নিচের কোন ব্যক্তি একজন শিল্পী- [IFIC Bank Ltd. Proationary Officer: 96]
ⓐ Al-Mahmood ⓑ S.M Sultan
ⓒ F.R Khan ⓓ Abu Ishaq Ans. b

১৯. এস. এম সুলতানের শিল্পকর্ম কোনটি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ⓚ দুর্ভিক্ষ ⓛ পাইন্যার মা
ⓖ বিজয় ⓘ প্রথম বৃক্ষরোপণ উত্তর: ঘ

২০. Which of the following is a sculpture by artist Nitun Kundu?/ নিচের কোন ভাস্কর্যটির শিল্পী নিতুন কুন্ডু? [Standard Bank Ltd. Officer : 06]
ⓐ Shabash Bangladesh ⓑ Shoparjito Shadhinota
ⓒ Oprajeyo Bangla ⓓ Roktim Nithor
ⓔ Shurjodoyer Prante Ans. a

Download More PDF @ www.BDNiyog.com

BCS Spotlight

Scanned by CamScanner

২১. সার্ক ফোয়ারার ভাস্কর কে? [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা প্রকল্প কর্মকর্তা : ১৩]
ⓚ রাশা ⓚ মৃণাল হক
ⓖ নিতুন কুণ্ডু ⓖ হামিদুর রহমান
উত্তর: গ

২২. ব্যঙ্গচিত্রশিল্পী হিসেবে অধিক পরিচিত- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ⓚ রফিকুন্নবী ⓚ হাশেম খান
ⓖ কাইয়ুম চৌধুরী ⓖ এসএম সুলতান
উত্তর: ক

২৩. Which cartoonist created the character 'Tokai'? [Mutual Trust Bank Ltd. MTO : 14]
ⓐ Mustafa Mamvar ⓑ Shishir Bhatyacharya
ⓒ Rafiqun Nabi ⓓ Abedin
ⓔ None of these
Ans: c

২৪. শিল্পী মুর্তজা বশীর সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন-[ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ মুক্তিযুদ্ধে ⓚ ভাষা আন্দোলনে
ⓖ ছয় দফা আন্দোলনে ⓖ স্বৈরাচার-বিরোধী আন্দোলনে
উত্তর: খ

২৫. কোন শিল্পীর শিল্পকর্মের সাথে লোকশিল্পের সম্পর্ক নেই? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ মোহাম্মাদ কিবরিয়া ⓚ কাইয়ুম চৌধুরী
ⓖ রশিদ চৌধুরী ⓖ কামরুল হাসান
উত্তর: গ

২৬. বাংলার শিক্ষামূলক কার্টুন সিরিজ 'মীনা' কোন শিল্পীর সৃষ্টি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৭-০৮/ ৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭ / শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ⓚ তানভীর কবির ⓚ মুস্তফা মনোয়ার
ⓖ রফিকুন নবী ⓖ মৃণাল হক
উত্তর: খ

২৭. বাংলাদেশে অনুষ্ঠিত সাফ গেমসের প্রতীক মিশুকের নির্মাতা কে? [১১তম বিসিএস]
ⓚ মোস্তফা মনোয়ার ⓚ হামিদুজ্জামান খান
ⓖ শামীম সিকদার ⓖ আবদুল্লাহ খালেদ
উত্তর: ক

২৮. মিশুকের স্থপতি কে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দ্বিতীয়) : ১৩ / শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯ ]
ⓚ মোস্তফা মনোয়ার ⓚ হামিদুর রহমান
ⓖ শামীম সিকদার ⓖ হামিদুজ্জামান খান
উত্তর: ক

২৯. ১৯৮৮ সালের সিউল অলিম্পিকে বাংলাদেশের কোন ভাস্করের শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান পায়? [১০তম বিসিএস]
ⓚ শামীম শিকদার ⓚ সৈয়দ আব্দুল্লাহ খালেদ
ⓖ হামিদুজ্জামান খান ⓖ আব্দুস সুলতান
উত্তর: গ

৩০. 'স্টেপস' ভাস্কর্যটি সিউল অলিম্পিকের পার্কে স্থান পেয়েছিল। এর ভাস্কর এর নাম- [১৭তম বিসিএস]
ⓚ নভেরা আহমেদ ⓚ হামিদুজ্জামান খান
ⓖ আব্দুল্লাহ খালেদ ⓖ সুলতানুল ইসলাম
উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner